

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ২৪/০৩/২০২১খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য বৃন্দকে জানান যে, পবিত্র ঈদ-উল-আযহা আগামী ২১ জুলাই/২০২১ ইং তারিখে উদযাপিত হতে পারে। ঈদ-উল-আযহা উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য যাতে ক্রয় ক্ষমতার মধ্যে থাকে সে আলোকে ঈদ-উল-আযহার কমপক্ষে ১সপ্তাহ পূর্ব হতে প্রত্যহ সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত বিশেষ করে পেয়াজ, রসুন, আদা এবং মুদি দ্রব্যের বাজার মূল্য নিয়ন্ত্রন রাখার লক্ষে মেহেরপুর বড় বাজার ও হোটেল বাজার এর ব্যবসায়ীগন ক্রেতাদের সাথে অধিক মূল্য নিতে না পারে সে আলোকে উক্ত বড় বাজার ও হোটেল বাজার ০২টি মনিটরিং করতে হবে। সম্প্রতিক করোনা ভাইরাস বৃদ্ধি পাওয়ায় প্রতিটি ক্রেতা যাতে করোনা ভাইরাস মোকাবেলা ও রোধ কল্পে সামাজিক দূরত্ব বজার রেখে ক্রয় করতে পারে সে লক্ষে পৌরসভার ডিজিটাল সাউন্ড সিস্টেম এর মাধ্যমে প্রত্যহ কমপক্ষে ২ বার ব্যপক প্রচার প্রচারনা করতে হবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনার পর স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে উল্লেখিত সময়সূচী অনুযায়ী বাজার ০২টি নিয়ন্ত্রন ও প্রত্যহ ২ বার সাউন্ড সিস্টেম এর মাধ্যমে প্রচার করার জন্য দায়িত্ব অর্পন করা হলো।

জনাব মোঃ সোহেল রানা, ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, পবিত্র ঈদ-উল-আযহা আগামী ২১ জুলাই/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হতে পারে। সে আলোকে ঈদ-উল-আযহা শুরুর কমপক্ষে তিন দিন পূর্ব হতে পৌর এলাকার ব্যবসায়ীগন যাতে ভেজাল দ্রব্যাদী বিক্রয় এবং অধিক মূল্য নিতে না পারে সে আলোকে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনাতে স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে বিশেষ করে ঈদ-উল-আযহার পূর্ব হতে তিনদিন ভ্রাম্যমান আদালত পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য দায়িত্ব অর্পন করা হলো।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rakib

15.6.2021

(মোঃ শাকিল রাব্বী)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

- ১। মেয়র, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব হামিদা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ৪। জনাব মোঃ সোহেল রানা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

yy

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।





পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ১৫/০৬/২০২১খ্রিঃ

সময় : ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা।	 ১৫/৬/২১
০২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	 ১৫/৬/২১
০৩	জনাব মোছাঃ শিউনী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	 ১৫/৬/২১
০৪	জনাব মোঃ সোহেল রানা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	 ১৫.৬.২১